রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-২

সততার কোন বিকল্প নাই, দুর্নীতির সাথে আপোষ নাই।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

ফোন: ০২৫৮৮-৮২০০৯৭
Email: dgmlad2@rakub.org.bd
Web : www.rakub.org.bd

প্রকা/ঋওঅবি-২/সার্কুলার লেটার-০১/২০২৩ তারিখ : ২১.০৮.২০২৩

প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি
সকল জোনাল ব্যবস্থাপক
ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী
সকল শাখা ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম (এসইসিপি) এর ঋণের সুদহার ও সুদের শেয়ার পুনঃনির্ধারণ প্রসংগে।

০২। রাকাব প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর গত ২২.০১.২০১২ তারিখের প্রকা/ঋওঅবি-২ সার্কুলার নং-০২/২০১২ মোতাবেক কোম্পানিতে রাকাব ও প্রকল্পের বিনিয়োগের অনুপাত ৫০:৫০ নির্ধারণ করা হয়।

০৩। অন্যদিকে রাকাব এসইসিপি'র গত ১২-১০-২০২২ তারিখের সার্কুলার লেটার নং-এসইসিপি/সিপিও-০৫/২০২২ এর মাধ্যমে রাকাব এসইসিপি এর ঋণের সুদহার ১১% পুনঃনির্ধারণ করা হয়। এক্ষেত্রে রাকাব কর্তৃক বিনিয়োগকৃত ৫০% অর্থের বিপরীতে আদায়কৃত ১১% সুদের মধ্যে রাকাব এর শেয়ার ৯% ও এসইসিপি'র নির্ধারিত শেয়ার ২%। এছাড়া প্রকল্প কর্তৃক বিনিয়োগকৃত ঋণের মধ্যে রাকাব-এর ৫০% বিনিয়োগ ব্যতীত অবশিষ্ট ৫০% ঋণের উপর অর্জিত সুদ প্রকল্পের আয় খাতে নেয়া হয়।

০৪। গত ২০.০৬.২০২৩ তারিখে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগের ডিএফআইএম সার্কুলার নং-০৭ এর মাধ্যমে ০১জুলাই ২০২৩ তারিখ হতে সকল অ-ব্যাংক অর্থিক প্রতিষ্ঠানের ঋণের সুদ হার বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক অব্যবহিত পূর্ববর্তী মাসের নির্ণীত SMART Rate এর সাথে সর্বোচ্চ ৫% যোগ করে ঋণের সুদহার নির্ধারণের নির্দেশনা প্রদান করেছে। এতদপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংকের বর্ণিত সার্কুলারের আলোকে কোম্পানির বিতরণকৃত ঋণের উপর বিদ্যমান সুদ হার ১১% হতে বৃদ্ধি করে ১২.১০% এ পুনঃনির্ধারণ বিষয়ে গত ১১.০৭.২০২৩ তারিখে অনুষ্ঠিত রাকাব-এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেডের পরিচালনা পর্ষদের ৪৫তম সভায় সারসংক্ষেপ উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত, যা ৩০.০৭.২০২৩ তারিখে অনুষ্ঠিত রাকাব পরিচালনা পর্ষদেও ৫৬৬ তম সভায় অনুমোদিত হয় :

> "রাকাব এসএমই ফাইন্যান্সিং কোম্পানি লিমিটেড-এর বার্ষিক ঋণের সুদহার বাংলাদেশ ব্যাংকের ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক জুন/২০২৩ মাসের নির্ণীত SMART Rate ৭.১০% এর সাথে সর্বোচ্চ ৫% যোগ করে ঋণের সুদহার ১২.১০% নির্ধারণের অনুমোদন দেয়া হলো। রাকাব কর্তৃক বিনিয়োগকৃত অর্থের বিপরীতে আদায়কৃত সুদের উপর রাকাব এর প্রাপ্য শেয়ার ৯% ও রাকাব কর্তৃক বিনিয়োগকৃত অর্থের বিপরীতে আদায়কৃত সুদের উপর কোম্পানি/এসইসিপি'র শেয়ার ৩.১০% নির্ধারণের প্রস্তাব অনুমোদন দেয়া হলো। রাকাব পরিচালনা পর্ষদের অনুমোদন সাপেক্ষে ১ জুলাই, ২০২৩ তারিখ থেকে কার্যকর হবে।"

০৫। এতদপ্রেক্ষিতে রাকাব-এসইসিপির'র ঋণের বিপরীতে সুবিধাভোগীদের নিকট হতে আদায়যোগ্য সুদ হার এবং রাকাব ও প্রকল্পের প্রাপ্য সুদের শেয়ার নিম্নরুপে পুনঃনির্ধারণ করা হলো যা ০১.০৭.২০২৩ তারিখ হতে কার্যকর হবে:

রাকাব ও প্রকল্পের বিনিয়োগের অনুপাত	সুবিধাভোগী পর্যায়ে প্রযোজ্য সুদ হার	রাকাব কর্তৃক বিনিয়োগকৃত অর্থের বিপরীতে আদায়কৃত সুদের উপর রাকাব এর শেয়ার (বিতরণকৃত ঋণের ৫০% অর্থের উপর)	রাকাব কর্তৃক বিনিয়োগকৃত অর্থের বিপরীতে আদায়কৃত সুদের উপর প্রকল্পের শেয়ার (বিতরণকৃত ঋণের ৫০% অর্থের উপর)
৫০:৫০	১২.১০% (সরল সুদ)	৯%	৩.১০%

প্রকল্প কর্তৃক বিতরণকৃত ঋণের মধ্যে রাকাব এর বিনিয়োগ (৫০%) ব্যতিত অবশিষ্ট ৫০% ঋণের উপর অর্জিত সুদ প্রকল্পের আয় খাতে গ্রহণ করতে হবে।

০৬। উল্লেখ্য, এ সার্কুলার জারীর পূর্বে কোন ঋণের টাকা সুদাসলে সম্পূর্ণ আদায় হয়ে থাকলে এ অন্তবর্তীকালীন সময়ের জন্য আলোচ্য সুদহার প্রযোজ্য হবে না।

০৭। এ বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে ঋণ ও অগ্রিম বিভাগ-২ এর সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

২১.০৮.২০২৩
(মোঃ বেল্লাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক
(অতিরিক্ত দায়িত্ব)

বিষয়: রাকাব-স্মল এন্টারপ্রাইজ ক্রেডিট প্রোগ্রাম (এসইসিপি) এর ঋণের সুদহার ও সুদের শেয়ার পুনঃনির্ধারণ প্রসংগে।

প্রকা/ঋওঅবি-২(৫৪)/২০২৩-২০২৪/৭৭ (১১) তারিখ: ২১.০৮.২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন/পরিচালন/নিহিঅ) মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের ষ্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। উপমহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ-কে সার্কুলারটি রাকাবের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, প্রধান কার্যালয়, রাজশাহী।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
০৮। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
০৯। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, (বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের মাধ্যমে)।
১০। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ সেল, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
১১। অফিস নথি/মহানথি।

২১/৮/২০২৩

(মোহাম্মদ আলী সরকার)
সহকারী মহাব্যবস্থাপক